গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূসক অনুবিভাগ]

আদেশ

সাধারণ আদেশ নং- ৩২/মূসক/২০১৩ **তারিখঃ** ১০ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ / ২৪ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশে অবস্থিত সকল বিদেশী দূতাবাস, এনজিও এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থা ও জাতীয় সংস্থাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী অফিস কর্তৃক আবশ্যিকভাবে বাধ্যতামূলক মূসক নিবন্ধন গ্রহণ সম্পর্কিত নির্দেশনা।

যেহেতু, জাতীয় রাজস্ব বোর্ডকে অধিকতর স্বয়ংক্রিয়করণ এবং দেশের আমদানি-রপ্তানি তথা সামগ্রিক অর্থনৈতিক কার্যক্রমকে আরো গতিশীল, জবাবদিহিতামূলক ও শুল্ক ব্যবস্থাপনায় বিদ্যমান সীমাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে UNCTAD কর্তৃক উদ্ভাবিত ও বর্তমানে প্রচলিত ASYCUDA^{++} ভার্সন আপগ্রেড করে ASYCUDA World স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে;

যেহেতু, উপরোল্লিখিত ব্যবস্থায় সকল প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট মূসক রেজিস্ট্রেশন নম্বর বা BIN (Bussiness Identification Number) থাকা আবশ্যক এবং BIN ব্যতীত আমদানির জন্য ঋণপত্র খোলা, মেনিফেস্টে তা অন্তর্ভুক্তকরণ বা বিল অব এন্ট্রি দাখিলকরণ, ইত্যাদি কোন কার্যক্রমই সম্পন্ন করা সম্ভব হবে না; এবং

যেহেতু, বাংলাদেশে অবস্থিত বিদেশী দূতাবাস, এনজিও এবং অন্যান্য আন্তর্জাতিক ও জাতীয় সংস্থাসহ শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী অফিসগুলো মাঝে মাঝে পণ্য আমদানি করলেও তাদের BIN না থাকায় এ সকল আমদানির যথাযথ MIS (Management Information System) সংরক্ষণ করা সম্ভব হয় না। নূতন প্রবর্তিত ASYCUDA World সিস্টেমে BIN না থাকলে পণ্য খালাস করা সম্ভব হবে না বিধায়, এ সকল আমদানিকারক প্রতিষ্ঠানের আমদানিতব্য পণ্য দ্রুত খালাসের জন্য মূসক নিবন্ধন থাকার বাধ্যবাধকতা সৃষ্টি হয়েছে;

সেহেতু, বাংলাদেশে অবস্থিত সকল বিদেশী দূতাবাস, এনজিও এবং অন্যান্য আন্তর্জাতিক ও জাতীয় সংস্থাসহ শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী অফিস কর্তৃক পণ্য আমদানির ক্ষেত্রে নিজ নিজ প্রতিষ্ঠানের নামে বাধ্যতামূলক মূসক নিবন্ধন গ্রহণ করতে হবে;

তবে শর্ত থাকে যে, শুল্ক বন্দর, শুল্ক বিমান বন্দর ও স্থল শুল্ক স্টেশনের মাধ্যমে বিদেশ হতে একোমপ্যানিড / আন-একোমপ্যানিড পণ্য আনয়ণকারী যাত্রীগণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৫ এর আওতায় নিবন্ধন গ্রহণের আবশ্যকতা ও বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না।

০২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো এবং একইসাথে জাতীয় রাজস্ব বোর্ডের ৩১/০৩/১৯৯২ তারিখের আদেশ নং ৭/মূসক/৯২ এতদ্দ্বারা রহিত করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
দ্বিতীয় সচিব (মূসক-আইন ও বিধি)
ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮
ই-মেইলঃ tarek020178@yahoo.com

প্রাপক ঃ **উপ-পরিচালক**
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।
(আদেশটি গেজেট আকারে মুদ্রণপূর্বক ৫০০ (পাঁচশত) কপি জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

নথি নং-০৮.০১.০০০০.০৭০.০৩.০০১.১২/৩৩২ তারিখঃ ২৪/০৬/২০১৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
৩। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা।
[**দৃষ্টি আকর্ষনঃ** উপ-প্রধান, রাষ্ট্রাচার অনুবিভাগ (মিশন সার্ভিস)]
৪। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে-বাংলানগর, আগারগাঁও, ঢাকা।
৬। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও মূসক), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৭-৯। সদস্য (শুল্ক নীতি)/শুল্ক রপ্তানী ও বন্ড/মূসক বাস্তবায়ন।
১০-২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/
বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
২২-২৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল।
২৭-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২৯। মহাপরিচালক, মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ৬৯, গুলফেঁসা প্লাজা, বড়মগবাজার, ঢাকা।
৩০। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
৩১। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩২। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৩। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৫। দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৬-৩৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (মূসক/শুল্ক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৮-৩৯। অফিস কপি/গার্ড নথি, মূসক আইন ও বিধি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
দ্বিতীয় সচিব (মূসক-আইন ও বিধি)